

## 8.0 নিরীক্ষিত প্রতিষ্ঠানের সংক্ষিপ্ত পরিচিতি

এই অডিট রিপোর্টে নৌ-পরিবহন মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন মোট ৫টি অফিসের ১৫টি গুরুতর আর্থিক অনিয়ম অন্তর্ভুক্ত করা হইয়াছে। নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীন মংলা বন্দর কর্তৃপক্ষ বাংলাদেশে আমদানী ও রপ্তানী ক্ষেত্রে বিভিন্ন জাহাজের মালামাল উঠানামা পরিচালনায় সহায়তা করে। ইহা ছাড়া বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ বিভিন্ন নদী বন্দর, নৌযান ও ফেরীঘাট রক্ষনাবেক্ষন ও পরিচালনা করে। নৌ পরিবহন মন্ত্রণালয় উক্ত সংস্থাসমূহের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ হিসাবে নীতিমালা প্রণয়ন ও উহা বাস্তবায়নের জন্য গৃহীত কার্যক্রমের তদারকী করিয়া থাকে।